


৩/১৩/০

MAR. 25 2001



## বোরহানডাদনে দাখল পরীক্ষা কেন্দ্রে সংঘর্ষ অগ্নিসংযোগ ভাংচুর, আহত ৫০, কেন্দ্র বাতিল

অমিতাভ অণু, ভোলা থেকে

বোরহানউদ্দিন আলিয়া মাদ্রাসা কেন্দ্রে শনিবার ইংরেজি পরীক্ষায় নকল প্রতিরোধে প্রশাসনিক বেটিনী তৈরি করার প্রতিবাদে পরীক্ষার্থী ও বহিরাগতরা অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের গাড়ি ও এসি ল্যান্ডের মোটরসাইকেল পুড়িয়ে দিয়েছে। তারা কেন্দ্রে হামলা চালালে পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধে। এ সময় ৬ পুলিশ ও ৩ শিক্ষকসহ অন্তত ৫০ জন আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ২৯ রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে। পুলিশ তাজুল ইসলাম নামে এক যুবককে গ্রেফতার করেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত পরিস্থিতি উত্তপ্ত রয়েছে। মাদ্রাসা বোর্ড আঞ্চলিকভাবে ওই কেন্দ্র বাতিল করে পরবর্তী পরীক্ষা ভোলা সরকারি কলেজে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জেলা প্রশাসক জানান। গতকাল দাখিল পরীক্ষায় ইংরেজি প্রথম পত্র পরীক্ষা চলাকালে ডিজিটেল টিমের সদস্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আবদুস সামাদ ও উপজেলার এসি ল্যান্ড শেখ মনিরুজ্জামান কেন্দ্রে অবস্থান করেন। তারা নকল বন্ধে বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেন। মাদ্রাসার পার্শ্ববর্তী এলাকা, রাস্তা জনশন

করার নির্দেশ দেন পুলিশকে। এতে পরীক্ষার্থীসহ বহিরাগতরা উত্তেজিত হয়ে ওঠে।

পরীক্ষা শেষ না হতেই উত্তেজিত জনতা কেন্দ্রে হামলা চালিয়ে। পুলিশের এডিএম-এর জিপ এবং এসি ল্যান্ডের মোটরসাইকেলে বর্ষণ করে দেয়। তারা মাদ্রাসার কক্ষও ভাংচুর করে। পরিস্থিতি শান্তি ব পুলিশ লাঠিচার্জ করলে বহিরাগতরা আরও উত্তেজিত হয়ে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কোনরকমে নিজেকে আত্মরক্ষা করেন সময় পুলিশ কয়েক রাউন্ড ফাঁকা গুলি ছোড়ে। পুলিশের লাঠিচার্জ কেন্দ্রের কর্তব্যরতদের সঙ্গে বহিরাগতদের সংঘর্ষে ২৫ জন গুরুতর ও হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত জেলা প্রশাসক মোঃ ময়েজউদ্দিন এসপি মহসিন হোসেন ঘটনাস্থলে রয়েছেন। অতিরিক্ত জেলা প্রশ (রাজস্ব) সুবীর কুমার দাস জানান, ওই কেন্দ্র বাতিল করা হয়েছে। রোববার থেকে অন্যান্য পরীক্ষা ভোলা সরকারি কলেজ কেন্দ্রে অনু হবে। এলাকার উত্তপ্ত পরিস্থিতিতে প্রশাসন স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের পরিস্থিতি শান্ত করতে সকলি সন্য ব্যবস্থা করেছে।